



# ইনস্টিটিউট অফ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

টেলিফোন: ৯৬৬৫৬০২, পিএবিএক্স নং ৯৬৬৫৬৫০-৮০/৬৫১৬; ফ্যাক্স: ৯৬৬৫৬০২


তারিখ : ০৬/০৩/২০১৮

## বিজ্ঞপ্তি

বুয়েটে ইন্টারনেট সহ ICT Related Service প্রদানের জন্য দীর্ঘ ১২/১৪ বছর পূর্বে সমগ্র বুয়েটে Fiber Optical Cable (FOC) based Campus Network প্রতিষ্ঠা করা হয়েছিল। Fiber Optical Cable (FOC) Based Campus Network টি পুরাতন হওয়ায় এবং বুয়েটের সার্বিক চাহিদার প্রেক্ষিতে সমগ্র বুয়েট ক্যাম্পাস (অফিস, একাডেমিক ভবন, আবাসিক ভবন, আবাসিক হল ও অন্যান্য স্থাপনা সহ) আবারো HEQEP উপ-প্রকল্প Establishment of Campus Network at BUET এর আওতায় নতুন করে ক্যাম্পাস নেটওয়ার্ক স্থাপনের কাজ গত ০১/০৩/২০১৮ তারিখে শুরু হয়েছে এবং কাজটি শেষ করতে আনুমানিক ৪/৫ মাস সময়ের প্রয়োজন হবে। এখানে উল্লেখ্য যে, 'Data Edge Ltd. নামক প্রতিষ্ঠান কাজটি সম্পন্ন করার কার্যাদেশ পেয়েছে।

এই কার্য সম্পাদনকারী প্রতিষ্ঠানকে কাজে সহযোগীতা করার জন্য উপ-প্রকল্পের লোকবল ছাড়াও আইআইসিটি এবং প্রকৌশল অফিস থেকে নির্ধারিত কয়েকজন কর্মকর্তাকে দায়িত্ব অর্পণ করা হয়েছে। বিভিন্ন পর্যায়ে কাজটি করার সময় সাময়িক সমস্যা হতে পারে। বিশ্ববিদ্যালয়ের বৃহত্তর স্বার্থে কাজটি চলমান অবস্থায় সংশ্লিষ্ট সকলকে (সম্মানিত শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, ছাত্র-ছাত্রী এবং সংশ্লিষ্ট অন্যান্য ব্যক্তিবর্গ) সার্বিক সহযোগীতা করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হল।

ধন্যবাদান্তে,

  
(ডঃ মোঃ সাইফুল ইসলাম)

অধ্যাপক ও পরিচালক  
আইআইসিটি, বুয়েট।

এবং

SPM, Establishment of Campus Network at BUET

বিতরণ

- ১। সকল বিভাগীয় প্রধান, প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ২। সকল পরিচালক, প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৩। সকল হল প্রভোস্ট, প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৪। সকল অফিস প্রধান, প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৫। আবাসিক এলাকার সকল সভাপতিগণ।
- ৬। অফিস ফাইল।

All Notice Board  
&  
Email Circulate  
(Handwritten signature)